৮৮

09 MAY 1997
তারিখ 09 MAR 1997
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

রাজশাহী ভার্সিটি

# ১৫ই মে পর্যন্ত পুনরায় শিবিরের ধর্মঘট আহ্বান

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবির তাহাদের পাঁচ দফা দাবীতে আগামীকাল (শনিবার) হইতে ১৫ই মে পর্যন্ত ছয়দিনব্যাপী পুনরায় ক্যাম্পাসে ধর্মঘট আহ্বান করিয়াছে। গতকাল ( বৃহস্পতিবার ) নগরীর সাহেব বাজারে আয়োজিত

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

রাজশাহী ভার্সিটি

(১ম পৃঃ পর)

এক সমাবেশে এই কর্মসূচী ঘোষণা করা হয়। রাজশাহী মহানগর শাখা ছাত্রশিবির সভাপতি নূরুল ইসলাম বুলবুল ইহাতে সভাপতিত্ব করেন। সংগঠনের কেন্দ্রীয় সভাপতি শাহজাহান প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন। ছাত্রশিবিরের দাবীসমূহ হইল বিভাগ ভিত্তিক ভর্তি পদ্ধতি বাতিল, গ্রেফতারকৃতদের মুক্তি, পুলিশী নির্যাতন বন্ধ, শহীদ শামসুজ্জোহা হল হইতে পুলিশ প্রত্যাহার ও দায়িত্ব হইতে অব্যাহতিপ্রাপ্ত ও বদলীকৃত বিশ্ববিদ্যালয়ের অফিসার-কর্মচারীদের স্বপদে পুনর্বহাল। একই দাবীতে, ছাত্র শিবির গত ৩রা মে হইতে গতকাল (বৃহস্পতিবার) পর্যন্ত ক্যাম্পাসে ধর্মঘট পালন করে।